ফার্স্ট সিকিউরিটি
ইসলামী ব্যাংক পিএলসি.

## ব্রাঞ্চেস কন্ট্রোল ডিভিশন

### প্রধান কার্যালয়, ঢাকা।

এফএসআইবি/বিসিডি/প্র.কা./২০২৫/১৫১৬
তারিখঃ ২১/০৭/২০২৫ ইং

সিনিয়র ভাইস প্রেসিডেন্ট ও বিভাগীয় প্রধান
আইসিটি ডিভিশন
ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়
ঢাকা।

বিষয়ঃ ব্যাংকের ওয়েবসাইটে সিটিজেন'স চার্টার বক্স/কর্ণার এ **এপ্রিল-জুন '২৫** ত্রৈমাসিকের হালনাগাদকৃত সিটিজেন'স চার্টার সংক্রান্ত সকল তথ্য আপলোড করা প্রসঙ্গে।

মুহতারাম,
আসসালামু আলাইকুম,

উপর্যুক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার নং-১৭ তারিখ ১০-১০-২০২২ ইং এর মাধ্যমে সিটিজেন'স চার্টার বা নাগরিক সনদ বা সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশনা প্রদান করা হয়েছে। ব্যাংক সমূহ কর্তৃক প্রদত্ত সেবা প্রক্রিয়ার স্বচ্ছতা ও শৃঙ্খলা বজায় রাখা, সেবাকে সহজলভ্য করা, সেবা কার্যক্রমে নাগরিকদের অংশীদারিত্ব বৃদ্ধি এবং প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীদের জবাবদিহিতা নিশ্চিত করার জন্য সিটিজেন'স চার্টার বা নাগরিক সনদ প্রস্তুত ও বাস্তবায়ন আবশ্যক। বাংলাদেশ ব্যাংকের উক্ত নীতিমালা অনুযায়ী অত্র ব্যাংকের সিটিজেন'স চার্টার বা নাগরিক সনদ বা সেবা প্রদান প্রতিশ্রুতি গত ১৪.০৯.২০২৩ ইং তারিখে প্রণয়ন করা হয়েছিল যা **এপ্রিল-জুন '২৫** ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করা হয়েছে।

এমতাবস্থায়, **এপ্রিল-জুন '২৫** ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকৃত সিটিজেন'স চার্টার সংক্রান্ত সকল তথ্যসমূহ বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ কর্তৃক জারিকৃত সার্কুলার নং-১৭ তারিখ ১০-১০-২০২২ ইং এর নির্দেশনানুসারে অত্র ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য আপনাদেরকে অনুরোধ করা হলো।

মা-আস্সালাম।

---------------------
(**অলি কামাল** এফসিএস)
এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট এবং বিভাগীয় প্রধান

সংযুক্তিঃ

১. হালনাগাদকৃত সিটিজেন'স চার্টার।
২. সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার নাম, ফোন নাম্বার, ই-মেইল আইডি।
৩. সিটিজেন'স চার্টার টিম/শাখা/উপশাখা/সেল সংক্রান্ত তথ্যাদি এবং
৪. সিটিজেন'স চার্টার পরিবীক্ষণ কমিটির তথ্যাদি।